116

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 JAN 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বেসরকারী শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউট চালু করার সিদ্ধান্ত

গত সোমবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে বেসরকারী কলেজ শিক্ষকদের বর্ধিত সভায় চলতি বছরের জুলাই হইতে আন্তর্জাতিক সহায়তায় বেসরকারী শিক্ষকদের জন্য একটি বেসরকারী শিক্ষক প্রশিক্ষণ ইনসটিটিউট চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায়

( ৯ম পৃঃ দ্রঃ)

## বেসরকারী শিক্ষক

( ৩য় পৃঃ পর )

বেসরকারী শিক্ষকদের আর্থিক সহযোগিতায় প্রতিষ্ঠিত বেসরকারী শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্টের উদ্যোগে একটি ব্যাংক স্থাপনের প্রস্তাবও গৃহীত হয়। মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট শিক্ষকতা পেশা আকর্ষণহীন হইয়া পড়ার প্রেক্ষিতে এ বিষয়ে গোলটেবিল বৈঠক আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। দেশের পাঁচশত বেসরকারী কলেজ অধ্যক্ষের বেতনের সরকারী অংশের টাকা বন্ধের আদেশ প্রত্যাহারের আহ্বান জানান হয়। অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় মূল বক্তব্য রাখেন অধ্যাপক কাজী ফারুক আহমেদ। তাছাড়া আরও বক্তব্য রাখেন অধ্যক্ষা মারেফা খাতুন, অধ্যাপক দিদারুল ইসলাম, অধ্যাপক আসাদুল হক, অধ্যাপক সাইদুর রহমান প্রমুখ।

—প্রেস বিজ্ঞপ্তি